



গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়  
গোপালগঞ্জ।

Web Site: [www.gopalganjpourashava.org](http://www.gopalganjpourashava.org)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র।

স্মারক নং-গোপৌ:/প্রবি:/২০২০-২০২১/

তারিখঃ

প্রাপকঃ জনাব.....

সদস্য, মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি  
ও  
মেয়র/কাউন্সিলর, গোপালগঞ্জ পৌরসভা।

বিষয়ঃ “ মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি ” এর সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে আগামী ২৩/০৬/২০২১ইং তারিখ সকাল ১১:০০ ঘটিকায়  
গোপালগঞ্জ পৌরসভা সম্মেলন কক্ষে “মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি” এর সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় আপনাকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

খাদিজা বেগম  
(খাদিজা বেগম)  
সভাপতি,  
মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি  
ও  
কাউন্সিলর  
গোপালগঞ্জ পৌরসভা।

তারিখঃ

**গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়**  
**গোপালগঞ্জ ।**

**“মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির” সভার কার্যবিবরণী :-**

সভাপতি : জনাবা খাদিজা বেগম  
০১ নং সংরক্ষিত আসনের কাউন্সিলর, গোপালগঞ্জ পৌরসভা ।

স্থান : পৌর সম্মেলন কক্ষ ।

তারিখ : ২৩/০৬/২০২১ইং

সময় : সকাল ১১:০০ ঘটিকা ।

স্থান : পৌরসভার সম্মেলন কক্ষ, গোপালগঞ্জ পৌরসভা ।

ক্রমিক নং	নাম	পরিচিতি	পদবী	স্বাক্ষর
১.	জনাব কাজী লিয়াকত আলী	মেয়র, গোপালগঞ্জ পৌরসভা (পদাধিকার বলে)	সদস্য	
২.	জনাবা খাদিজা বেগম	কাউন্সিলর, সংরক্ষিত আসন-০১ গোপালগঞ্জ পৌরসভা	সভাপতি	খাদিজা
৩.	জনাব মোহাম্মাদ নাজমুল হাসান	কাউন্সিলর, ০৬ ওয়ার্ড গোপালগঞ্জ পৌরসভা	সদস্য	মোহাম্মাদ
৪.	জনাবা ইসমাত আরা	কাউন্সিলর, সংরক্ষিত আসন-০২ গোপালগঞ্জ পৌরসভা	সদস্য	
৫.	জনাবা সাইয়েদা আক্তার	কাউন্সিলর, সংরক্ষিত আসন-০৩ গোপালগঞ্জ পৌরসভা	সদস্য	সাইয়েদা
৬.	জনাব জসিম উদ্দিন খসরু	কাউন্সিলর, ০৬ ওয়ার্ড গোপালগঞ্জ পৌরসভা	সদস্য	
৭.	জনাব মোঃ জুলফিকার আলী মোল্লা	বস্তি উন্নয়ন কর্মকর্তা গোপালগঞ্জ পৌরসভা	সদস্য-সচিব	জুলফিকার

**পর্যবেক্ষক অতিথি**

ক্রমিক নং	নাম	পরিচিতি	পদবী	স্বাক্ষর
১	মনীষা-বসু	UGPIP-III	EDA	Monika
২				
৩				
৪				
৫				

গোপালগঞ্জ পৌরসভা কার্যালয়  
গোপালগঞ্জ ।

“মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির” সভার কার্যবিবরণী :-

সভাপতি : জনাবা খাদিজা বেগম  
০১ নং সংরক্ষিত আসনের কাউন্সিলর, গোপালগঞ্জ পৌরসভা ।  
স্থান : পৌর সম্মেলন কক্ষ ।  
তারিখ : ২৩/০৬/২০২১ইং  
সময় : সকাল ১১:০০ ঘটিকা ।  
আলোচ্যসূচী :-

- ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন করা প্রসঙ্গে ।
- ২। করোনা ভাইরাস প্রতিরোধ নিয়ে আলোচনা ।
- ৩। মাদক দ্রব্যের কুফল নিয়ে আলোচনা ।
- ৪। বিবিধ,

সভায় উপস্থিত “মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির” এর সদস্যদের নাম (স্বাক্ষরের ক্রমানুসারে) পরিশিষ্ট “ক” তে দেখানো হলো । সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ আরম্ভ করেন । অতপরঃ গোপালগঞ্জ পৌরসভার “মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির” সদস্য-সচিব পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী থাকলে তা আনার অনুরোধ জানান । বিগত সভার কার্যবিবরণীতে কোন প্রকার সংশোধনী না থাকায় কার্যবিবরণীটি অনুমোদন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয় ।

০২ নং আলোচনা : করোনা ভাইরাস প্রতিরোধ নিয়ে আলোচনাঃ মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি সভাকে জানান যে, আমরা জানি বর্তমানে বিশ্ব জুড়ে নভেল করোনা ভাইরাস (COVID 19) এর মহামারী বিস্তার লাভ করেছে । এর প্রভাবে গোপালগঞ্জ পৌর এলাকায় সংক্রমন দিন দিন বৃদ্ধি পাচ্ছে । তাই নভেল করোনা ভাইরাস (COVID 19) এর হাত থেকে বাঁচতে হলে আমাদেরকে সচেতন হতে হবে । আমরা বিনা প্রয়োজনে ঘরের বাহিরে যাবো না, আর যদি প্রয়োজনে বাহিরে যেতে হয় তা হলে মাস্ক ব্যবহার করবো, বাহির থেকে ফিরার পর সাবান পানি দিয়ে হাত ধুয়ে ফেলবো । হাঁচি কাশি দিলে টিসু ব্যবহার করতে হবে এবং ব্যবহারের পর তা আঙুনে পুড়িয়ে ফেলতে হবে । ঠাণ্ডা বা ফু আক্রান্ত ব্যক্তির সংস্পর্শ থেকে সতর্ক থাকতে হবে । মাংস ডিম ভালোভাবে সিদ্ধ করে খেতে হবে । ঘরের বাহিরে গেলে সামাজিক দূরত্ব মানে ৩ ফুট দূরত্ব বজায় রাখতে হবে । এর মাধ্যমে আমরা নভেল করোনা ভাইরাস (COVID 19) জয় করতে পারবো ।

০৩নং আলোচ্যসূচী অনুযায়ী অত্র কমিটির সদস্য-সচিব সভাকে অবহিত করেন যে, বর্তমান সমাজে মাদক দ্রব্যের কুফল বিস্তারভাবে পরিলক্ষিত হইতেছে । এমতাবস্থায় মাদকের কুফল সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির জন্য কিছু কর্মসূচী বাস্তবায়ন করা আবশ্যিক । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় । বিভিন্ন আলোচনান্তে

মাদকের কুফল সম্পর্কে গনসচেতনতা সৃষ্টির জন্য উঠান বৈঠকে ব্যাপক আলোচনা এবং পৌর এলাকায় মাইকিং এবং লিফলেট বিতরণের কর্মসূচী গ্রহন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

০৪ নং আলোচনা : বিবিধ :- পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

খাদিজা বেগম  
(খাদিজা বেগম)

সভাপতি

মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি

গোপালগঞ্জ পৌরসভা

গোপালগঞ্জ।

২৭/১/২১

স্মারক নং- গোঃপৌঃ/

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে।

- ১। প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরন (সেক্টর) প্রকল্প, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, লেভেল-১২, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ২। মেয়র, গোপালগঞ্জ পৌরসভা।
- ৩-৭। জনাব ----- কাউন্সিলর, মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সদস্য, গোপালগঞ্জ পৌরসভা।
- ৮-৯। জনাব ----- সহায়তাকারী কর্মকর্তা, গোপালগঞ্জ পৌরসভা।
- ১০। উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ), গোপালগঞ্জ পৌরসভা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ১১। সংশ্লিষ্ট নথি, গোপালগঞ্জ পৌরসভা।

খাদিজা বেগম

(খাদিজা বেগম)

সভাপতি

মহিলা ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি

গোপালগঞ্জ পৌরসভা

গোপালগঞ্জ।

২৭/১/২১